আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

এমন লোকের শাস্তি হলো আল্লাহ, ফেরেশতাগণ এবং মানুষ সকলেরই অভিসম্পাত।

সূরা আল ইমরান- ৮৭

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ রবিবার ॥ ২৫ অক্টোবর ২০২৬ ॥ ১৩ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০৯ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

হাজী ব্যাটকফ সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১৯৩২৭৭০৫



হাইকোর্টে ৫৭ বেঞ্চ পুনর্গঠন করেছেন প্রধান বিচারপতি

কীর্তনখোলা ডেস্ক

সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৫৭টি বেঞ্চ পুনর্গঠন করেছেন প্রধান বিচারপতি। এর মধ্যে ৩৫টি দ্বৈত বেঞ্চ ও ২২টি ২ এর পাতায় দেখুন

তলে তলে আ.লীগের কাছে বৈধতার সিল চায় জামায়াত: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সঙ্গে জামায়াতে ইসলামীর আঁতাতের অভিযোগ এনেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ২ এর পাতায় দেখুন

স্থানীয় নির্বাচন নিয়ে ভালো লক্ষণ দেখছি না: জামায়াতের আমির

কীর্তনখোলা ডেস্ক

স্থানীয় নির্বাচন সামনে রেখে নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৮৯৮

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও পাঁচজনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ২ এর পাতায় দেখুন

ঢাকা থেকে মাইক্রোবাসে এসে যুবদল নেতাকে কুপিয়ে হত্যা

লালমোহনে তুচ্ছ ঘটনায় যুবদল নেতাকে কুপিয়ে হত্যা

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় গাছ রোপণ নিয়ে তুচ্ছ ঘটনায় মো. ফিরোজ (৪৫) নামে এক যুবদল নেতাকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। শনিবার বিকেলে রাজধানী ঢাকার সুপারম্যাক্স হেলথ কেয়ার লিমিটেড নামের একটি বেসরকারি হাসপাতালের লাইফ সাপোর্টে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এর আগে শুক্রবার দুপুরে উপজেলার মেম্বার দোকান এলাকায় এ ঘটনা ঘটে। নিহত ফিরোজ ওই এলকার কাসেম আলীর ছেলে এবং কালমা ইউনিয়ন (উত্তর) যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। জানা গেছে, বৃহস্পতিবার ফিরোজ নিজের জমিতে শিমগাছ রোপণ করে বাঁশের বেড়া দেন। শুক্রবার দুপুরে পাশের বাড়ির কাজলের স্ত্রী জান্নাত বেড়া কেটে ফেলেন। পরে ফিরোজ বিষয়টি দেখতে পেয়ে প্রতিবাদ করলে বাকবিতণ্ডা হয়। একপর্যায়ে কাজল ফিরোজকে দা দিয়ে এলোপাতাড়ি কোপাতে শুরু করেন। পরে গুরুতর ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুর উপজেলার প্রত্যন্ত সাতলায় কাওসার হাওলাদার (৩২) নামে এক যুবদল নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে পশ্চিম সাতলা-কান্দী সড়কের গোপালগঞ্জ-বরিশাল সীমান্ত এলাকায় এ ঘটনা ঘটে। এ ঘটনায় হত্যাকাণ্ডে জড়িত থাকার অভিযোগে মাইক্রোবাসসহ ৯ জনকে আটক করেছে পুলিশ। স্থানীয়দের দাবি, ২০২৪ সালে সাতলায় জোড়া খুনের ঘটনার বিরোধের জেরে কাওসারকে হত্যা করা হয়েছে। নিহত কাওসার উপজেলার সাতলা ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের আলমদী গ্রামের মোনাফসের হাওলাদারের ছেলে। তিনি ভাড়ায় মোটরসাইকেল চালিয়ে জীবিকা নির্বাহ করতেন। এর আগে তিনি মালয়েশিয়ায় প্রবাসী ছিলেন। স্থানীয় বাসিন্দারা জানান, সকালে সাতলা একতা বাজারে পূর্বশত্রুতার জেরে কাওসার হাওলাদার ও তাঁর লোকজনের সঙ্গে আশিক হাওলাদার ও সজল মোল্লার পক্ষের লোকজনের বাগ্‌বিতণ্ডা ও হাতাহাতি হয়। এ নিয়ে মীমাংসার উদ্যোগ চলছিল। এরই মধ্যে রাতে ঢাকা ও বরিশাল থেকে একটি মাইক্রোবাস ও তিনটি মোটরসাইকেলে করে একদল লোক সাতলায় আসে। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য অনুযায়ী, রাত সাড়ে ৯টার দিকে পশ্চিম সাতলা-কান্দী সড়কের গোপালগঞ্জ-বরিশাল সীমান্ত এলাকায় কাওসার হাওলাদার ও তাঁর চাচাতো ভাই রাশেদ আমিন হাওলাদারসহ পাঁচজন দাঁড়িয়ে কথা বলছিলেন। এ সময় ২ এর পাতায় দেখুন

পুলিশের ওপর হামলা মামলা

তিন বছর পর গ্রেফতার যুবলীগ নেতা প্রধানশিক্ষক

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় পুলিশের ওপর হামলার মামলায় ওয়ারেন্টভুক্ত আসামি দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ও সাকুচিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. শহিদুল ইসলাম মোল্লাকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের সিরাজগঞ্জ বাজার থেকে তাঁকে গ্রেফতার করা হয়। পরে শনিবার সকালে তাঁকে আদালতে সোপর্দ করা হয়। পুলিশ সূত্রে জানা যায়, ২০২৩ সালের মার্চে তৎকালীন আওয়ামী লীগ সরকারের আমলে উপজেলার ১ নম্বর মনপুরা ইউনিয়ন পরিষদ নির্বাচনে ইউপি সদস্য প্রার্থীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় কয়েকজন পুলিশ সদস্য আহত হন। এ ঘটনায় পুলিশের ওপর হামলার অভিযোগে মামলা হয়। ওই মামলায় আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের কয়েকজন ২ এর পাতায় দেখুন

জনগণের মতামতকে উপেক্ষা করে সরকার জনবিচ্ছিন্ন হয়ে গেছে: অ্যাড. আকন্দ

কীর্তনখোলা রিপোর্ট

বর্তমান সরকার জনগণের মতামতকে উপেক্ষা করে একনায়কতন্ত্রীক ভাবে দেশ পরিচালনা করার কারনে জনগন থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে, নির্বাচনের পূর্বে তাদের যে ওয়াদা ছিল সেগুলো ভুলে নিয়ে পুরোনো ফ্যাসিবাদী ব্যাবস্থায় ফিরে এসেছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও বরিশাল অঞ্চল পরিচালক অ্যাডভোকেট মতিউর রহমান আকন্দ। তিনি গতকাল বরিশাল নগরীর শিল্পকলা একাডেমি অডিটোরিয়ামে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর ২০২৭-২০২৮ সেশনের মহানগরী আমীর নির্বাচনের ভোট গ্রহন উপলক্ষে আয়োজিত রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অ্যাডভোকেট আকন্দ আরও বলেন, জনগণের মতামতকে উপেক্ষা করে গত ১২ ফেব্রুয়ারী নির্বাচনে ষড়যন্ত্র করে ফলাফল পাল্টে দিয়েছে, কিন্তু মানুষের মন পরিবর্তন করতে পারিনি। ২ এর পাতায় দেখুন

‘পাঁচ কোটি মানুষের লিভার রোগ বিশেষজ্ঞ মাত্র ১৪০ জন’

কীর্তনখোলা ডেস্ক

দেশে প্রতি তিনজনের একজন ফ্যাটি লিভারে আক্রান্ত। বিভিন্ন ধরনের লিভার রোগে ভুগছেন প্রায় পাঁচ কোটি মানুষ। অথচ দেশে হেপাটোলজি বিশেষজ্ঞ চিকিৎসক রয়েছেন মাত্র ১৪০ জন। বিশেষজ্ঞদের আশঙ্কা, সময়মতো প্রতিরোধ ও চিকিৎসার উদ্যোগ না নিলে ভবিষ্যতে ফ্যাটি লিভার থেকে লিভার সিরোসিস ও ক্যান্সারের ঝুঁকি আরও বাড়বে। শনিবার (২৪ অক্টোবর) ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের হেপাটোলজি বিভাগের উদ্যোগে ডা. মিলন অডিটরিয়ামে আয়োজিত ‘ডিএমসি লিভার ফেস্ট ২০২৬’-এ এমন তথ্য জানানো হয়। লিভার ফেস্টের বৈজ্ঞানিক ২ এর পাতায় দেখুন

লামচরি মাধ্যমিক বিদ্যালয় মাঠে আরাফাত রহমান কোকো স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় পুরস্কার বিতরণ করেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মোহাম্মদ রহমাতুল্লাহ ও সদর উপজেলা বিএনপির আহবায়ক নুরুল আমিন -কীর্তনখোলা

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত.....

হ্যালো ৯৯৯

পরিমল মজুমদার শিশির ভয়ানক গুজববাজ

পরিমল মজুমদার শিশির (Parimal Majumder Shishir) নামে সম্ভবত বরিশালে বসবাসকারী একজন ব্যক্তি সনাতনীদের ব্যবহার করে ও নিষিদ্ধ আওয়ামীলীগের নাম করে তাদের পক্ষে সামাজিক যোগাযোগ মাধ্যমে মারাত্মক গুজব ছড়াচ্ছে। তার উদ্দেশ্যই হলো দেশকে অস্থিতিশীল করা।

এ দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করে দাঙ্গা-ফ্যাসাদ লাগানোও তার উদ্দেশ্য হতে পারে। তার ফেইসবুক আইডিতে দেখা গেছে নিজেকে আইনজীবী ও মানবাধিকার কর্মী পরিচয় দেয়া আছে। তার আইডি ঘাটলে দেখা যাবে সে অনেক পুরনো ভিডিও, এইআইর তৈরি ফটো ও ভিডিও দিয়ে মারাত্মক গুজব সৃষ্টি করছে।

সর্বশেষ, ২৪ অক্টোবর (শনিবার) সফিকুল ইসলাম (Sofikul Islam) নামে একটি আইডি থেকে এইআই কনটেন্ট ভিডিও ছড়িয়েছে। যাতে লেখা রয়েছে, ৫০ লাখ টাকা চাঁদা না পেয়ে প্রবাসী আওয়ামী লীগ নেতার স্ত্রী ধর্ষণ শেষে হত্যা করে ...। আমি ব্যক্তিগতভাবে যার সত্যতা যাচাই করলে ২ এর পাতায় দেখুন

প্রিপেইড মিটারের আওতায় আসছে বরিশাল নগরী

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাকে আরো আধুনিক ও সাশ্রয়ী করতে প্রিপেইড মিটার স্থাপনের উদ্যোগ নিয়েছে বিদ্যুৎ বিভাগ। এরই মধ্যে নগরীতে নতুন করে সাড়ে পাঁচ হাজার প্রিপেইড মিটার স্থাপন করা হয়েছে। চলতি বছরের মধ্যেই প্রথম ধাপে এক লাখ গ্রাহকের পোস্টপেইড মিটার পরিবর্তন করে প্রিপেইড মিটার স্থাপনের পরিকল্পনা রয়েছে। দ্বিতীয় পর্যায়ে বাকি ৫০ হাজার গ্রাহকের মিটার পরিবর্তন করা হবে। পাশাপাশি নতুন সংযোগের ক্ষেত্রে পোস্টপেইড মিটারের পরিবর্তে প্রিপেইড মিটার সরবরাহ করা হচ্ছে। পর্যায়ক্রমে নগরীর সব গ্রাহককে প্রিপেইড মিটারের ২ এর পাতায় দেখুন

দুই বছরে সাতবার

চাঁদাবাজির অভিযোগে গ্রেফতার বোরহানউদ্দিনের মোফা বাবু

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর খিলক্ষেতের নিকুঞ্জ-২ এলাকায় চাঁদাবাজি, মারধর ও মাদক কারবারসহ নানা অপরাধে জড়িত থাকার অভিযোগে আলোচিত মো. ইসমাইল হোসেন বাবু ওরফে মোফা বাবুকে (৩০) আবারও গ্রেফতার করেছে পুলিশ। গত দুই বছরে তিনি অন্তত সাতবার গ্রেফতার হয়েছেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। শুক্রবার (২৩ অক্টোবর) রাত ১১টা ২০ মিনিটে তাকে গ্রেফতার করে খিলক্ষেত থানা পুলিশ। এ ঘটনায় শনিবার (২৪ অক্টোবর) থানায় নতুন একটি মামলা করা হয়েছে। মামলায় দণ্ডবিধির ১৪৩, ৩৪১, ৩২৩, ৩৮৫, ৫০৬ ও ৩৪ ধারায় বেআইনি সমাবেশ, পথরোধ, মারধর, চাঁদা দাবি, ভয়ভীতি প্রদর্শন ও সংঘবদ্ধভাবে অপরাধ সংঘটনের অভিযোগ আনা হয়েছে। পুলিশ ও মামলার নথি সূত্রে জানা গেছে, মোফা বাবুর গ্রামের বাড়ি ভোলার বোরহানউদ্দিন উপজেলার রামকেশব এলাকায়। তিনি রাজধানীর ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের গেটে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বেতাগীতে ইয়াবাসহ পৌর কৃষকদল সভাপতি গ্রেফতার

বরগুনা প্রতিনিধি

বরগুনার বেতাগীতে মাদকবিরোধী অভিযানে ১৫০ পিস ইয়াবাসহ সোহেল খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। তিনি বেতাগী পৌর কৃষকদলের সভাপতি এবং এলাকায় ‘গুরু’ ওরফে সোহেল নামে পরিচিত। শুক্রবার (২৩ অক্টোবর) রাত আনুমানিক ১০টার দিকে পৌরসভার খাদ্য গুদাম সংলগ্ন এলাকা থেকে তাকে আটক করা হয়। বেতাগী থানা পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে এএসআই সুজন হোসেনের নেতৃত্বে একটি টিম ওই এলাকায় অভিযান চালায়। এ সময় তার কাছ থেকে ১৫০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। পুলিশের দাবি, সোহেল দীর্ঘদিন ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** ঝালকাঠি সদর ও নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, **ভোলা জেলা:** ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** পিরোজপুর সদর, নাজিরপুর ও **বরিশাল জেলা:** গৌরনদী, উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন। –মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

নিরাপদ খাদ্য নিশ্চিত হোক

বিশ্বে প্রতি বছর অনিরাপদ ও ভেজাল খাদ্য খেয়ে ৬০ কোটি লোক অসুস্থ হয়ে পড়ে। তাদের মধ্যে ৪ কোটি মানুষের মৃত্যু হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (বিএফএসএ) আয়োজিত গবেষণার প্রাক-অবহিতকরণ সেমিনারে এসব তথ্য উঠে আসে। খাদ্যে ভেজাল, খাদ্যে বিষক্রিয়ার বিষয়টি নতুন কিছু নয়। সম্প্রতি এর ব্যাপ্তি যে হারে বাড়ছে, তাতে আতঙ্কিত হয়ে পড়ছে সাধারণ মানুষ। দেশি-আন্তর্জাতিক সব গবেষণায় দেশে খাবারের বিষক্রিয়ার বিষয়টি বারবার উঠে আসছে। ফুটপাত থেকে শুরু করে অভিজাত হোটেল, রেস্টুরেন্ট বা নামিদামি ব্র্যান্ডের পণ্যও এখন নিরাপদ নয়। জনসচেতনতা ও প্রশাসনিকভাবে সক্রিয় ভূমিকা পালন ব্যতীত ভেজালের দৌরাত্ম্য বন্ধ করা অসম্ভব। বিএফএসএ তথ্য বলছে, দেশে ৭০ ভাগ মৃত্যু হয় অসংক্রামক রোগে। তার মধ্যে ডায়রিয়ার কারণে মৃত্যু রয়েছে ৪ নম্বরে। মাইক্রো ও ন্যানো প্লাস্টিকের ব্যবহারের মাত্রা এমন পর্যায়ে গেছে, তা নদী ও সাগরে ছড়িয়ে পড়ছে। মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। আমাদের সাধারণ মানুষের তথা নিম্ন আয়ের মানুষের অন্যতম পছন্দের খাবার পাঙ্গাশ ও তেলাপিয়া মাছে এন্টিবায়োটিক ব্যবহার করা হচ্ছে। এর মাত্রা এত বেশি যে, শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যায়। খাদ্যে ভেজাল দেয়া কিছু মানুষের চরিত্রগত বদঅভ্যাস। এটা বন্ধ করতে হবে। পাশাপাশি খাদ্যে ভেজালের বিষয়ে মানুষকে সচেতন করা দরকার। বিভিন্ন হোটেল-রেস্তোরাঁয় ভেজাল বা বাসি খাবার বা পচা খাবার সরবরাহের অভিযোগ অহরহ আমরা শুনে আসছি। এ ব্যাপারে নাগরিকদের সচেতন হতে হবে। ভেজালবিরোধী অভিযান আমরা প্রায় দেখি। কোনোভাবেই যেন এই চক্রকে দমন করা যাচ্ছে না। খাদ্যপণ্যে নকল ও ভেজাল আমাদের দেশের খাদ্য ব্যবসায়ীদের প্রবণতায় পরিণত হয়েছে। নিত্যপ্রয়োজনীয় পণ্যে ক্ষতিকর রং এবং অস্বাস্থ্যকর উপকরণের ব্যবহার অহরহ ঘটে। এসব খাবার খেয়ে সাধারণ মানুষ নানা রোগব্যাধিতে আক্রান্ত হচ্ছে। পরিবেশ বাঁচাও আন্দোলন এক গবেষণায় বলছে, শুধু ভেজাল খাদ্য গ্রহণের ফলে দেশে প্রতি বছর প্রায় ৩ লাখ লোক ক্যান্সারে আক্রান্ত হচ্ছে। ডায়াবেটিস আক্রান্তের সংখ্যা দেড় লাখ, কিডনি রোগে আক্রান্তের সংখ্যা ২ লাখ। এছাড়া গর্ভবতী মায়ের শারীরিক জটিলতাসহ গর্ভজাত বিকলাঙ্গ শিশুর সংখ্যা প্রায় ১৫ লাখ। এই পরিসংখ্যানটি আমাদের ভাবিয়ে না তুলে পারে না। খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও স্বাস্থ্য মানুষের মৌলিক চাহিদা। এর মধ্যে খাদ্য একটি প্রধান ও অন্যতম মৌলিক চাহিদা। জীবনধারণের জন্য খাদ্যের কোনো বিকল্প নেই। সুস্বাস্থ্যের জন্য প্রত্যেকটি মানুষের প্রয়োজন বিশুদ্ধ ও পুষ্টিকর খাদ্য। আর এ বিশুদ্ধ খাদ্যই যদি অখাদ্যে রূপান্তরিত হয়, তা গ্রহণের পরিণতি অত্যন্ত ভয়াবহ। ২০১৫ সালে গঠন করা হয়েছে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। ভেজালবিরোধী সচেতনতা সৃষ্টির পাশাপাশি তারা কাজ করছে নিরাপদ খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে।

ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু

ভর্তি হয়েছেন এক হাজার ৮৯৮ জন। এ নিয়ে চলতি বছরে সারাদেশে হাসপাতালে ভর্তি ডেঙ্গুরোগীর সংখ্যা দাঁড়িয়েছে এক লাখ ২১ হাজার ৬৯৯ জনে।শনিবার (২৪ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে মারা যাওয়া পাঁচজনের মধ্যে চট্টগ্রাম বিভাগে দুইজন, চট্টগ্রামে একজন, খুলনা বিভাগে (সিটি করপোরেশন ছাড়া) একজন এবং একজন রাজশাহী বিভাগের (সিটি করপোরেশন ছাড়া) বাসিন্দা।এদিকে, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের মধ্যে বরিশাল বিভাগের ২৫২ জন, চট্টগ্রাম বিভাগের ২৩২ জন, ঢাকা বিভাগের (সিটি করপোরেশন ছাড়া) ২৮১ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনের ১৫৯ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের ৩৪১ জন, খুলনা বিভাগের ৩৫৯ জন, ময়মনসিংহ বিভাগের ৭৫ জন, রাজশাহী বিভাগের ১৪১ জন, রংপুর বিভাগের ৫১ জন এবং সিলেট বিভাগের সাতজন রয়েছেন।স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে এ পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা গেছেন ৩৭৬ জন। এ সময়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক লাখ ১৫ হাজার ১৩২ জন।

স্থানীয় নির্বাচন নিয়ে ভালো

ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি অভিযোগ করেছেন, বিএনপির একজন অবসরপ্রাপ্ত ক্যাডারকে নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। দলীয় পরিচয়ের কাউকে এ পদে বসানোর প্রয়োজনীয়তা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। শনিবার (২৪ অক্টোবর) সকাল ১১টায় মৌলভীবাজার সার্কিট হাউসের মুন হল রুমে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভায় এসব কথা বলেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, 'স্থানীয় নির্বাচন নিয়ে এখনো ভালো লক্ষণ দেখছি না। বিএনপির একজন অবসরপ্রাপ্ত ক্যাডারকে নির্বাচন কমিশনের অতিরিক্ত সচিব হিসেবে বসানো হয়েছে। একজন দলীয় লোককে কেন আনতে হবে এখানে?' নির্বাচনে অংশগ্রহণের শর্ত তুলে ধরে জামায়াত আমির বলেন, নির্বাচনের আগে তারা নির্বাচনী পরিবেশ ঠিক করার চেষ্টা করবেন। তারা একটি 'লেভেল প্লেয়িং ফিল্ড' চান। এর নিশ্চয়তা পেলেই নির্বাচনে অংশ নেবেন। জনগণের অধিকার প্রতিষ্ঠার জন্য তারা লড়তে চান এবং জনগণের ভোটে যিনি নির্বাচিত হবেন, তারই ক্ষমতায় যাওয়া উচিত। নির্বাচনী পরিবেশ নিয়ে উদ্বেগ জানিয়ে তিনি বলেন, জাতীয় সংসদের চিফ হুইপ তার এলাকায় গিয়ে বলেছেন, যেসব জায়গায় বিএনপির প্রার্থী বিজয়ী হবেন না, সেসব এলাকায় বরাদ্দ দেওয়া হবে না। এটিকে লজ্জাজনক উল্লেখ করে তিনি বলেন, এর মাধ্যমে আগেই জনগণকে ভয় দেখানো হচ্ছে। ভয়ভীতি ও দলীয় প্রভাবের মধ্যে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কার্যক্রম নিয়েও অসন্তোষ প্রকাশ করেন বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, 'আমরা সৌভাগ্যক্রমে একজন স্বরাষ্ট্রমন্ত্রী পেয়েছি। তিনি সকল মন্ত্রণালয়ে সার্ভিস দেন। অথচ তাঁর প্রধান দায়িত্ব নিজের মন্ত্রণালয় দেখাশোনা করা।' ডা. শফিকুর রহমানের অভিযোগ, মাদক ও অস্ত্র নিয়ন্ত্রণে দৃশ্যমান অগ্রগতি নেই, সমাজেও শৃঙ্খলা ফেরেনি। সংবাদমাধ্যমকে সমাজের আয়না উল্লেখ করে জামায়াত আমির বলেন, সংবাদপত্রের মাধ্যমে সমাজের দোষ-ত্রুটি উঠে আসে। স্বাধীনতার পর ১৯৭৫ সালে সংবাদমাধ্যম ও রাজনীতির ওপর আঘাত আসে বলে মন্তব্য করেন তিনি। তিনি বলেন, বহুদলীয় গণতন্ত্রের পরিবর্তে একদলীয় শাসনব্যবস্থা প্রতিষ্ঠার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। তখন সরকার সংবাদমাধ্যমকে পূর্ণ নিয়ন্ত্রণে নেয় এবং চারটি সংবাদমাধ্যম ছাড়া অন্যগুলোর অস্তিত্ব রাখা হয়নি। মৌলভীবাজার জেলা জামায়াতের আমির ইঞ্জিনিয়ার মো. শাহেদ আলীর সভাপতিত্বে এবং জেলা সেক্রেটারি মো. ইয়ামীর আমির আলীর সঞ্চালনায় সভায় আরও উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট এহসানুল মাহবুব জুবায়ের ও হবিগঞ্জ জেলা জামায়াতের সেক্রেটারি কাজী মহসিন আহমদ। এর আগে সকালে মৌলভীবাজার সার্কিট হাউসে পৌঁছালে জেলা জামায়াতের নেতারা ডা. শফিকুর রহমানকে অভ্যর্থনা জানান। এ সময় উপস্থিত ছিলেন মৌলভীবাজার জেলা জামায়াতের আমির ইঞ্জিনিয়ার মো. শাহেদ আলী, হবিগঞ্জ জেলা জামায়াতের আমির মাওলানা কাজী মখলিছুর রহমান, মৌলভীবাজার জেলা সেক্রেটারি মো. ইয়ামীর আলী, হবিগঞ্জ জেলা সেক্রেটারি কাজী মহসিন আহমদ ও জেলা ছাত্রশিবিরের সভাপতি ফরিদ উদ্দিনসহ অন্য নেতারা। জাতীয় সংসদ নির্বাচনের পর নিজ জেলা শহর মৌলভীবাজারে এটিই জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের প্রথম সফর।

তলে তলে আ.লীগের কাছে

রুহুল কবির রিজভী। দলটির বিরুদ্ধে মিথ্যাচার ও অপপ্রচারের অভিযোগ এনে তিনি বলেছেন, 'আওয়ামী লীগের কাছ থেকে একটা সিল তাদের দরকার। একাত্তরে যে ভূমিকা তাদের, সেই ভূমিকা নিয়ে এখনো জনমনে প্রশ্ন আছে। এ জন্য আওয়ামী লীগের কাছ থেকে একটা সিল চায় তার–বৈধ সিল। এ কারণে তলে তলে এবং প্রকাশ্যে, প্রত্যেকটি বিষয়ে তাদের একটা সম্পর্ক।' শনিবার রাজধানীর ফকিরাপুলে ডেঙ্গু সচেতনতায় লিফলেট বিতরণ কর্মসূচিতে অংশ নিয়ে রিজভী এসব কথা বলেন। তিনি বলেন, 'তলে তলে আওয়ামী লীগের কাছে একটা সিল তাদের দরকার। অপপ্রচার চালাচ্ছেন। কিন্তু আমাদের যে কাজ... মানুষের পক্ষে থাকা, মানুষের কল্যাণে থাকা, সেই কাজ করছি তারেক রহমানের নির্দেশে।' জামায়াতকে উদ্দেশ করে রিজভী বলেন, 'কেউ কেউ বলছেন বিরোধী দলের নেতারা যে, উনারা বিরিয়ানি খায়, আমাদের চকলেট দেয়। তো... চকলেটের দাম কিন্তু অনেক।' তিনি বলেন, 'এসব কথা বলে আপনারা জনগণকে বিভ্রান্ত করবেন না। সরকার দায়িত্বশীলতার সঙ্গে কাজ করছে বলেই দেশ-বিদেশে তার সুনাম হচ্ছে। কেন আপনারা বিভ্রান্তি রটাচ্ছেন? একজন সরকারি দলের এমপি যে বরাদ্দ পান, বিরোধী দলের এমপিও সেই বরাদ্দ পান। কিন্তু জামায়াতের সেক্রেটারি জেনারেল অপপ্রচার দিয়ে মানুষের মনে বিভ্রান্তি তৈরির চেষ্টা করছেন।' রিজভী আরও বলেন, 'মিথ্যাচার করে সত্যকে আড়াল করতে পারবেন না। মিথ্যাচার করে, অপপ্রচার দিয়ে এবং তলে তলে অগণতান্ত্রিক শক্তির সাথে আঁতাত করে দেশের মধ্যে অরাজক পরিস্থিতি তৈরি করবেন, এইটা জনগণ কখনো মেনে নেবে না। জনগণ সতর্ক এবং সচেতন।' এ সময় সরকারের অর্জন তুলে ধরে রিজভী বলেন, বিশ্ব ক্ষুধা সূচকে প্রতিবেশী ভারত ও পাকিস্তানের তুলনায় বাংলাদেশ ভালো অবস্থানে রয়েছে। এটি সরকারের সঠিক নীতির প্রতিফলন। লিফলেট বিতরণ কর্মসূচিতে বিএনপির যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট আবদুস সালাম আজাদ, স্বেচ্ছাসেবক বিষয়ক সম্পাদক মীর সরাফত আলী সপু, স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি ডা. জাহিদুর রহমান, ছাত্রদলের সহসভাপতি ডা. তৌহিদুর রহমান আউয়ালসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

হাইকোর্টে ৫৭ বেঞ্চ পুনর্গঠন

একক বেঞ্চ। পুনর্গঠিত বেঞ্চগুলোতে আগামী রোববার (২৫ অক্টোবর) সকাল সাড়ে ১০টা থেকে বিচারকাজ শুরু হবে। শনিবার (২৪ অক্টোবর) প্রধান বিচারপতির নির্দেশক্রমে হাইকোর্ট বিভাগের প্রশাসনিক শাখা থেকে এ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।বিজ্ঞপ্তি অনুযায়ী, পুনর্গঠিত বেঞ্চগুলোতে দেওয়ানি ও ফৌজদারি মামলা, রিট, জামিন, আপিল, রিভিশন, দুর্নীতি দমন কমিশন (দুদক) ও মানি লন্ডারিং সংক্রান্ত মামলা, কর ও শুল্কবিষয়ক আবেদনসহ বিভিন্ন ধরনের মামলার বিচারিক এখতিয়ার নির্ধারণ করা হয়েছে।দ্বৈত বেঞ্চের এখতিয়ারদ্বৈত বেঞ্চগুলোর মধ্যে কয়েকটি বেঞ্চে দেওয়ানি মোশন, প্রথম আপিল, রুল, রিভিশন ও অন্যান্য দেওয়ানি মামলা শুনানি হবে। কয়েকটি বেঞ্চে ফৌজদারি মোশন, আপিল, জামিন ও রিভিশন এবং কয়েকটি বেঞ্চে মৃত্যুদণ্ড অনুমোদনের (ডেথ রেফারেন্স) আবেদন, সংশ্লিষ্ট ফৌজদারি আপিল ও জেল আপিল অগ্রাধিকার ভিত্তিতে শুনানি হবে।এছাড়া একাধিক বেঞ্চে সাধারণ ও বিশেষ রিট, কর ও শুল্কবিষয়ক রিট, আয়কর রেফারেন্স, কাস্টমস ও ভ্যাট আপিল, ট্রেডমার্ক, পেটেন্ট এবং শিল্প নকশা-সংক্রান্ত মামলা শুনানির দায়িত্ব দেওয়া হয়েছে। কয়েকটি বেঞ্চে দুদক ও মানি লন্ডারিং আইন-সংক্রান্ত মামলাও শুনানি হবে।একক বেঞ্চের এখতিয়ার২২টি একক বেঞ্চের মধ্যে কয়েকটি বেঞ্চে ছয় কোটি টাকা পর্যন্ত মূল্যমানের দেওয়ানি আপিল, রুল, রিভিশন ও বিবিধ আপিল শুনানি হবে। কিছু বেঞ্চে ফৌজদারি মোশন, আপিল, জামিন, রিভিশন এবং দুদক ও মানি লন্ডারিং-সংক্রান্ত মামলা শুনানির দায়িত্ব দেওয়া হয়েছে।এছাড়া কোম্পানি আইন, ব্যাংক কোম্পানি আইন, সালিশ আইন, বিমা আইন, সাকসেশন আইন, বিবাহবিচ্ছেদ এবং ট্রেডমার্ক-সংক্রান্ত মামলা ও আবেদনের জন্যও নির্দিষ্ট বেঞ্চ রাখা হয়েছে।বিজ্ঞপ্তিতে কয়েকটি বেঞ্চকে পুরোনো রিট মামলা এবং মৃত্যুদণ্ড অনুমোদনের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে শুনানির নির্দেশ দেওয়া হয়েছে। বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর একক বেঞ্চকে সম্পূর্ণ কাগজমুক্ত (পেপার ফ্রি) ঘোষণা করা হয়েছে। এ বেঞ্চে ই-ফাইলিং বাধ্যতামূলক করা হয়েছে।বেঞ্চভিত্তিক বিস্তারিত এখতিয়ার সুপ্রিম কোর্ট প্রশাসনের প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

তিন বছর পর গ্রেফতার

নেতা-কর্মীকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়েছিল। গ্রেফতার শহিদুল ইসলাম মোল্লা দক্ষিণ সাকুচিয়া ইউনিয়ন যুবলীগের সভাপতি। তিনি সাকুচিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং ওই ইউনিয়নের বাসিন্দা। মনপুরা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাজাহারুল ইসলাম গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, শহিদুল ইসলাম মোল্লা পুলিশের ওপর হামলার মামলায় ওয়ারেন্টভুক্ত আসামি। তাঁকে গ্রেপ্তারের পর আদালতে সোপর্দ করা হয়েছে।

ঢাকা থেকে মাইক্রোবাসে এসে

১০ থেকে ১২ জনের একটি দল তাঁদের ওপর হামলা চালায়। হামলাকারীদের হাত থেকে বাঁচতে তাঁরা পাশের পুকুরে ঝাঁপ দেন। পরে সড়কের পাশের একটি বাড়িতে আশ্রয় নেন তাঁরা। অভিযোগ রয়েছে, হামলাকারীরা ওই বাড়ির দরজা ভেঙে ভেতরে ঢুকে খাটের নিচ থেকে কাওসারকে বের করে এলোপাতাড়ি কুপিয়ে চলে যায়। এ সময় দরজার আড়ালে লুকিয়ে থাকায় প্রাণে বেঁচে যান রাশেদ আমিন। স্থানীয়রা আহত কাওসার ও রাশেদ আমিনকে উদ্ধার করে প্রথমে সাতলার মায়ের দোয়া ক্লিনিকে এবং পরে কোটালীপাড়া উপজেলা হাসপাতালে নিয়ে যান। সেখানে চিকিৎসক কাওসারকে মৃত ঘোষণা করেন। পরে ময়নাতদন্তের জন্য তাঁর মরদেহ গোপালগঞ্জ হাসপাতালে পাঠানো হয়। কাওসারের চাচাতো ভাই আহত রাশেদ আমিন বলেন, পূর্বশত্রুতার জেরে সকালে প্রতিপক্ষের সঙ্গে তাঁদের হাতাহাতি হয়। এরই ধারাবাহিকতায় রাতে সড়কে দাঁড়িয়ে থাকা তাঁদের পাঁচজনের ওপর সশস্ত্র হামলা চালানো হয়। হামলাকারীরা মাইক্রোবাস ও তিনটি মোটরসাইকেলে করে এসেছিল। তাঁদের মধ্যে সজল মোল্লা, মেহেদী মোল্লা, কাঞ্চন মোল্লা ও সাইফুল বারীসহ ১০ থেকে ১২ জন ছিলেন বলে তিনি অভিযোগ করেন। রাশেদ আমিন আরও বলেন, প্রাণ বাঁচাতে তাঁরা পুকুরে ঝাঁপ দিয়ে পাশের একটি বাড়িতে আশ্রয় নেন। পরে হামলাকারীরা দরজা ভেঙে ঘরে ঢুকে খাটের নিচ থেকে কাওসারকে বের করে কুপিয়ে জখম করে। তিনি দরজার পেছনে লুকিয়ে থাকায় হামলাকারীদের চোখ এড়িয়ে বেঁচে যান। সাতলা ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ড যুবদলের সভাপতি কাইয়ুম ভাট্টি বলেন, ২০২৪ সালে সাতলায় জোড়া খুনের ঘটনা ঘটে। ওই ঘটনার পর বিভিন্ন সময়ে সজল মোল্লার পক্ষের লোকজন সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন তথ্য ছড়াতেন, যা নিহত কাওসার ও তাঁর বংশের লোকজনকে ইঙ্গিত করে বলে তাঁদের ধারণা। এর প্রতিবাদ জানাতে গিয়ে সকালে দুই পক্ষের মধ্যে হাতাহাতি হয়। পরে ওই ঘটনার জের ধরে ঢাকা থেকে ভাড়াটে লোক এনে কাওসারকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেন তিনি। কাইয়ুম ভাট্টির দাবি, ২০২৪ সালের জোড়া খুনের ঘটনায় নিহত ইদ্রিস হাওলাদার ও সাগর হাওলাদারের অনুসারী সজল মোল্লার পক্ষের লোকজন। অন্যদিকে কাওসারের বংশের লোকজন ওই হত্যা মামলার আসামি ছিলেন। কাওসার তাঁদের সঙ্গে যুবদলের রাজনীতি করতেন এবং দলীয় কর্মসূচিতে সক্রিয় ছিলেন বলেও জানান তিনি। ঘটনার পর সাতলা এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে। হত্যাকাণ্ডকে কেন্দ্র করে স্থানীয়দের মধ্যে আতঙ্ক ও উত্তেজনা বিরাজ করছে। পুলিশ জানায়, ঘটনার পর অভিযান চালিয়ে ওই রাতেই পদ্মা সেতুর টোল প্লাজা থেকে মাইক্রোবাসসহ ৯ জনকে আটক করা হয়। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রকিবুল ইসলাম বলেন, কাওসার হত্যার ঘটনায় আইনানুগ ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে। এ ঘটনায় ৯ জনকে হেফাজতে নেওয়া হয়েছে। বরিশালের পুলিশ সুপার এ জেড এম মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের বলেন, ঘটনার ছয় ঘণ্টার মধ্যে হত্যাকাণ্ডে অভিযুক্ত নয়জনকে আটক করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত পরে জানানো হবে।

লালমোহনে তুচ্ছ ঘটনায়

আহত অবস্থায় ফিরোজকে প্রথমে লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য তাকে ভোলা সদর হাসপাতালে পাঠানো হয়। তবে ফিরোজের শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় স্বজনরা তাকে দ্রুত ঢাকায় নিয়ে যান। সেখানে ঢাকার সুপারম্যাক্স হেলথ কেয়ার লিমিটেড নামের বেসরকারি হাসপাতালের লাইফ সাপোর্টে তার মৃত্যু হয়। এ ব্যাপারে লালমোহন থানার উপপরিদর্শক (এসআই) মো. নূরুল আমিন জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় অভিযুক্ত কাজলকে আটক করা হয়েছে এবং মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

বেতাগীতে ইয়াবাসহ পৌর

ধরে মাদক কারবারের সাথে জড়িত। মাদকের মামলায় এর আগেও তিনি একাধিকবার গ্রেফতার হয়েছিলেন। এ বিষয়ে বেতাগী থানার এএসআই সুজন হোসেন বলেন, "গোপন তথ্যের ভিত্তিতে রাতে অভিযান চালিয়ে সোহেলকে ইয়াবাসহ গ্রেফতার করা হয়েছে। শনিবার সকালে তাকে আদালতের মাধ্যমে বরগুনা জেলা কারাগারে পাঠানো হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, রাজনৈতিক পরিচয়ের আড়ালে তিনি দীর্ঘদিন ধরে মাদক ব্যবসা চালিয়ে আসছিলেন।

চাঁদাবাজির অভিযোগে

খিলক্ষেতের টানপাড়া এলাকার ১০ নম্বর সড়কের একটি ভাড়া বাসায় থাকতেন। স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে নিকুঞ্জ-২ এলাকায় চাঁদাবাজি, ভয়ভীতি প্রদর্শন, মারধর ও প্রকাশ্যে মাদক বিক্রিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত রয়েছেন মোফা বাবু। এসব অভিযোগে একাধিকবার গ্রেফতার হলেও জামিনে মুক্তি পেয়ে তিনি আবারও একই ধরনের কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন বলে দাবি তাদের। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ২০২৫ সালের জুলাই ও অক্টোবরে এক ব্যবসায়ীর দোকান ভাঙচুর, চাঁদা দাবি ও মারধরের অভিযোগে তাকে আটক করা হয়। ২০২৬ সালের জুলাইয়ে নিকুঞ্জ-২ এলাকার একটি রেস্তোরাঁর সামনে থেকে বিপুল পরিমাণ ইয়াবাসহ গোয়েন্দা পুলিশের (ডিবি) হাতে আটক হওয়ার তথ্যও রয়েছে। এ ছাড়া সেনাবাহিনীর হাতেও একাধিকবার আটক হয়েছেন তিনি। এসব ঘটনা নিয়ে বিভিন্ন গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়েছে। এদিকে রাজনৈতিক পরিচয় ব্যবহার করে অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনার অভিযোগও রয়েছে মোফা বাবুর বিরুদ্ধে। তিনি খিলক্ষেতের ৯৬ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সদস্যসচিব হিসেবে পরিচিত। একটি গোয়েন্দা প্রতিবেদনের বরাতে দাবি করা হয়েছে, স্থানীয় বিএনপি নেতা জহির বাবু ওরফে 'সিলটি বাবু'র আশ্রয়-প্রশ্রয়ে তিনি নিকুঞ্জ এলাকায় বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করেন। স্থানীয় বিএনপির কয়েকজন নেতাকর্মীর অভিযোগ, বারবার গ্রেফতার ও গুরুতর অভিযোগ ওঠার পরও মোফা বাবুর বিরুদ্ধে কার্যকর কোনো সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়নি। এমনকি তাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া কিংবা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের কোনো তথ্যও তাদের জানা নেই। বিষয়টি নিয়ে দলের স্থানীয় পর্যায়েও প্রশ্ন উঠেছে বলে জানান তারা। স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ীরা জানান, মোফা বাবু গ্রেফতার হলে এলাকায় সাময়িক স্বস্তি ফিরে আসে। তবে জামিনে মুক্তি পাওয়ার পর তার বিরুদ্ধে আবারও চাঁদাবাজিসহ নানা অভিযোগ ওঠে। এতে সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের মধ্যে উদ্বেগ এবং নিরাপত্তাহীনতা তৈরি হয়েছে। মোফা বাবুর গ্রেপ্তারের বিষয়ে খিলক্ষেত থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ সোহরাব আল হোসাইন বলেন, 'চাঁদাবাজের কোনো দল নেই, চাঁদাবাজের একমাত্র পরিচয় সে চাঁদাবাজ ও অপরাধী। খিলক্ষেত থানা এলাকায় কোনো রাজনৈতিক বা দলীয় পরিচয় ব্যবহার করে চাঁদাবাজি করার সুযোগ কাউকে দেওয়া হবে না। অপরাধের সঙ্গে যেই জড়িত থাকুক না কেন, আইনের চোখে সবাই সমান। প্রভাব বা ক্ষমতার দাপট দেখিয়ে অপরাধ পার পাওয়ার দিন শেষ।' তিনি আরও জানান, নতুন মামলার নিরপেক্ষ তদন্তের মাধ্যমে তথ্যপ্রমাণ সংগ্রহ করে আসামির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

প্রিপেইড মিটারের আওতায়

আওতায় আনার পরিকল্পনা রয়েছে। জলা বিদ্যুৎ বিভাগ সূত্রে জানা গেছে, নতুন করে বিদ্যুৎ সংযোগ নেওয়া সব গ্রাহককে প্রিপেইড মিটার দেওয়া হচ্ছে। গ্রামাঞ্চল ছাড়া কোনো গ্রাহককে পোস্টপেইড মিটার দেওয়া হচ্ছে না। একই সঙ্গে বিভাগীয় শহরের গ্রাহকদের পোস্টপেইড মিটার পর্যায়ক্রমে তুলে নিচ্ছে সরকার। প্রিপেইড মিটার ব্যবস্থার সম্প্রসারণের ফলে মাঠপর্যায়ে মিটার রিডার ও বিল প্রস্তুতকারীদের দীর্ঘমেয়াদি প্রশাসনিক ব্যয় উল্লেখযোগ্যভাবে কমেছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, আগে বাড়ি বাড়ি গিয়ে মিটার রিডিং নেওয়া, বিল তৈরি ও বিতরণের জন্য বিপুল জনবল ও যাতায়াত ব্যয়ের প্রয়োজন হতো। ডিজিটাল ব্যবস্থার কারণে এখন সেই ব্যয় সাশ্রয় হচ্ছে। পাশাপাশি শতভাগ অগ্রিম রাজস্ব আদায় নিশ্চিত হওয়ায় বিদ্যুৎ বিতরণ কোম্পানিগুলোর আর্থিক তারল্য সংকট কমেছে। বকেয়া বিল আদায়ে সরকারের যে বিপুল অর্থ ও আইনি ব্যয় হতো, তা এখন শূন্যের কোঠায় নেমে এসেছে। এ কারণে সরকার গ্রাহকদের কাছে প্রিপেইড মিটার পৌঁছে দিতে কাজ করছে। বিশেষজ্ঞদের মতে, প্রিপেইড মিটার চালুর অন্যতম বড় সাফল্য হলো সিস্টেম লস বা বিদ্যুৎ চুরি উল্লেখযোগ্য হারে কমে যাওয়া। অবৈধ সংযোগ ও মিটার টেম্পারিংয়ের মতো নন-টেকনিক্যাল ক্ষতি রোধ হওয়ায় উৎপাদিত বিদ্যুতের সঠিক মূল্য সরাসরি সরকারি কোষাগারে জমা হচ্ছে। পাশাপাশি অগ্রিম রিচার্জের অভ্যাস গ্রাহকদের বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে উদ্বুদ্ধ করছে, যা জাতীয় গ্রিডের ওপর অতিরিক্ত চাপ কমাতে সহায়ক। গ্রাহক ভোগান্তি ও অসন্তোষ কমাতে সরকার প্রিপেইড মিটারের মাসিক অতিরিক্ত চার্জ ও ভাড়ার ক্ষেত্রে বড় ধরনের ছাড়ের সিদ্ধান্ত নিয়েছে বলে সংশ্লিষ্ট বিভাগ জানিয়েছে। এতে বিদ্যুৎ ব্যবস্থাকে আরো জনবান্ধব করা হয়েছে বলে মনে করছেন গ্রাহকরা। গ্রাহকদের মতে, প্রিপেইড মিটারের অন্যতম সুবিধা হলো বিদ্যুৎ ব্যবহারের খরচ সম্পর্কে আগে থেকেই ধারণা পাওয়া যায়। মিটারে থাকা ব্যালান্স দেখে প্রয়োজন অনুযায়ী বিদ্যুৎ ব্যবহার নিয়ন্ত্রণ করা সম্ভব। ফলে মাস শেষে হঠাৎ বড় অঙ্কের বিল আসার আশঙ্কা তুলনামূলকভাবে কম থাকে। আগের পোস্টপেইড ব্যবস্থায় নির্দিষ্ট সময়ে বিল হাতে পাওয়া, মিটার রিডিং এবং বিলের পরিমাণ নিয়ে নানা ধরনের বিড়ম্বনায় পড়তে হতো। প্রিপেইড মিটারে সেই আশঙ্কা নেই। বিভিন্ন মাধ্যমে রিচার্জ করার সুযোগ থাকায় অনেক ক্ষেত্রে বিদ্যুৎ অফিসে গিয়ে বিল পরিশোধের প্রয়োজন হয় না। এতে সময় ও যাতায়াতের ঝামেলা কমে। এছাড়া ব্যালান্স কমে গেলে গ্রাহক আগে থেকেই তা জানতে পারেন। ফলে অপ্রয়োজনীয় বাতি, ফ্যান বা অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রের ব্যবহার কম

চোখে মরিচের গুঁড়া ছিটিয়ে

শাহজাহান হাওলাদারের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছে। বিষয়টি নিয়ে একাধিকবার সালিস-বৈঠক হলেও সমাধান হয়নি। স্থানীয় বাসিন্দারা জানান, শুক্রবার সকালে শাহজাহান হাওলাদার ও তাঁর লোকজন বিরোধপূর্ণ জমিতে ঘর তুলতে গেলে আলম হাওলাদার বোয়ালিয়া পুলিশ ফাঁড়িতে অভিযোগ করেন। তখন ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) মাহবুব হোসেন বিরোধ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উভয় পক্ষকে ঘর নির্মাণ বন্ধ রাখার নির্দেশ দেন। অভিযোগ রয়েছে, পুলিশের নির্দেশ উপেক্ষা করে শনিবার সকালে শাহজাহান হাওলাদার (৭০), তাঁর ছেলে ইকবাল হাওলাদার (৪৮), আবু সুফিয়ান হাওলাদার (৪৫), সোহেল হাওলাদার (৪০) এবং আরও আট থেকে ১০ জন দেশীয় অস্ত্র নিয়ে ওই জমিতে ঘর তুলতে যান। আলম হাওলাদার ও তাঁর লোকজন বাধা দিলে দুই পক্ষের মধ্যে বাগ্‌বিতণ্ডা শুরু হয়। ভুক্তভোগীদের অভিযোগ, একপর্যায়ে শাহজাহানের লোকজন পাশের একটি মিল থেকে মরিচের গুঁড়া এনে আলম হাওলাদারের পক্ষের লোকজনের চোখেমুখে ছিটিয়ে দেন। এতে তাঁরা মাটিতে লুটিয়ে পড়লে হামলাকারীরা তাঁদের এলোপাতাড়ি পিটিয়ে ও কুপিয়ে জখম করেন। এ ঘটনায় আলম হাওলাদার (৫৫), তাঁর ভাই সিদ্দিকুর রহমান হাওলাদার (৫১), আবদুর রাজ্জাক হাওলাদার (৪৮) ও সিদ্দিক হাওলাদারের স্ত্রী ফেরদৌসী বেগমসহ অন্তত আটজন আহত হন। স্থানীয় বাসিন্দারা তাঁদের উদ্ধার করে মুলাদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে পাঁচজনকে ভর্তি করা হয় এবং তিনজনকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। তবে হামলার অভিযোগ অস্বীকার করে শাহজাহান হাওলাদারের ছেলে ইকবাল হাওলাদার বলেন, ‘আমাদের জমিতে ঘর তুলতে গেলে আলম হাওলাদার ও তাঁর লোকজন বাধা দেন। এ সময় কথাকাটাকাটি ও হাতাহাতিতে দুই-তিনজন আহত হয়ে থাকতে পারেন। সেখানে হামলার ঘটনা ঘটেনি।’ মুলাদী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সৈয়দ ফজলে রাব্বী জানান, আহতদের মধ্যে আলম হাওলাদার ও সিদ্দিকুর রহমান হাওলাদারের মাথার খুলি ভেঙে গেছে। তাঁদের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। এ বিষয়ে মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, ‘ঘটনাটি শুনেছি। আহত ব্যক্তিদের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে দ্রুত আইনি ব্যবস্থা নেওয়া হবে।’

ভাণ্ডারিয়া বাজারের সকল সিসি

নাগরিক ও ব্যাবসায়ীদের মধ্যে চরম নিরাপত্তাহীনতা বিরাজ করছে বলেও অভিতম তাদের। ভাণ্ডারিয়া বাজারে স্থানীয় ব্যবসায়ী ছাড়াও পার্শবর্তী মঠবাড়িয়া, কাঠালিয়া, রাজাপুর, আমুয়া, বেতাগী, পিরোজপুর, বাগেরহাট, চট্টগ্রামসহ বিভিন্ন এলাকার মানুষ দীর্ঘদিন ধরে বিভিন্ন ধরনের ব্যবসাবাণিজ্য পরিচালনা করে আসছে। স্থানীয় বাসস্ট্রান্ড, টিএন্ডটি রোড, ভাণ্ডারিয়া–কাঠালিয়া আঞ্চলিক মহাসড়ক সংলগ্ন এলাকায় বাগেরহাট, খুলনা এলাকার প্রায় ৩৫থেকে ৪০জন ভাঙ্গারী ব্যবসায়ী দীর্ঘদিন ধরে ব্যবসা পরিচালনা করে আসছে। গত কয়েকদিন আগে কাঠালিয়া উপজেলার দোগনা বাজারের পরিমল হাওলাদার নামের এক ক্ষুদ্র ব্যাবসায়ী সাপ্তাহিক হাটের দিন শনিবার অটোতে করে ভাঙারিয়া বাজারে আসেন। এসময় তার সাথে থাকা আনুমানিক সাড়ে পাঁচ হাজার টাকা নিয়ে যায় কে বা কারা। পরে বাজার কমিটির অফিসে সিসিটিভি ক্যামেরা চেক করতে গেলে তারা জানান ক্যামেরা অচল। এদিকে খোঁজখবর নিয়ে যানা গেছে, ভাণ্ডারিয়া বাজার ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো.মিজানুর রহমান নিপু জোমাদ্দার বাজারের ব্যবসায়ীদের দাবির প্রেক্ষিতে সাবেক মন্ত্রী আনোয়ার হোসেন মঞ্জু’র ব্যাক্তিগত অনুদানের সাথে বাজার কমিটির অর্থ যোগ করে ২০১৮সালে বাজারের গুরুত্বপূর্ণ মোর গুলোতে ৩৮টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করেন। এর কিছু দিন পরে বাজারের পাহারার চাঁদার টাকা থেকে আরো ১১টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করেন। সব মিলিয়ে মোট ৪৯টি সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়। ২০২৪–এ রাজনৈতিক পটপরিবর্তনের পর কিছু দিন সবগুলো ক্যামেরা সচল থাকলেও পরবর্তীতে সবকটি ক্যামেরাই অচল হয়ে পড়ে। এর পর থেকে বাজারসহ গুরুত্বপূর্ণ ঐসকল এলাকাগুলি ডিজিটাল নজরদারির বাইরে চলে যায়। যার ফলে চুরি, ছিনতাই, কিশোরগ্যাং, মাদককারবারিদের তৎপরতাসহ অন্যান্য অপরাধ অনেকাংশে বৃদ্ধি পায়। এবিষয়ে সাংবাদিক শঙ্কর জীৎ সমদ্দার বলেন, সিসিটিভি ক্যামেরা সচল না থাকায় বিভিন্ন ধরনের সংগঠিত অপরাধ সনাক্ত করা সম্ভব হচ্ছেনা এবং বাজার পরিচালনায় নিয়ন্ত্রিত ব্যবস্থা থাকছেনা। পক্ষান্তরে চুরি, ছিনতাইয়ের মত ঘটনায় অপরাধীরা পার পেয়ে যাচ্ছে। বাজার ব্যাবস্থাপনা কমিটির সাবেক সভাপতি মো.মিজানুর রহমান নিপু জোমাদ্দার জানান, ৫ই আগষ্টের পর কিছু দিন ক্যামেরাগুলি সচল থাকলেও পরবর্তীতে তা অচল হয়ে পড়ে। বর্তমান বাজার ব্যবস্থাপনা কমিটির আহবায়ক হলো ইউএনও এবং সদস্য সচিব পৌর নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার হোসেনসহ অন্যান্য সদস্যগণ ক্যামেরা সচল করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন তা আমার জানা নেই। এবিষয়ে ভাণ্ডারিয়া থানার অফিসার্স ইন চার্জ(ওসি)দেওয়ান জগলুল হাসান জানান, সিসিটিভি ক্যামেরা সচল না থাকায় বাজারের চুরি, ছিনতাই, কিশোরগ্যাং, মাদকসহ বিভিন্ন ধরনের অপরাধ সনাক্ত করা সম্ভব হয়না। এ বিষয়ে ভাণ্ডারিয়া বাজার কমিটির আহবায়ক উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো.হাসিবুল হাসান জানান, পৌরসভার অর্থায়নে শহরাঞ্চলসহ বাজারের জনগুরুত্বপূর্ণ স্থানের অন্ধকারেও তথ্যধারণ করতে পারে সে ধরনের হাই রেজুলেশনের ৩২টি ক্যামেরা স্থাপন করার কাজ প্রক্রিয়াধীন।

পটুয়াখালীতে পুলিশের ওপর

হচ্ছে এমন খবর পেয়ে শুক্রবার বিকেলে অভিযান চালায় মৎস্য বিভাগের একটি দল। অভিযানে মৎস্য বিভাগের সদস্যদের পাশাপাশি পুলিশ সদস্যরাও অংশ নেন। এ সময় অভিযানকারী দল স্পিডবোট নিয়ে নদীতে ইলিশ শিকার করা ট্রলারগুলোর দিকে এগিয়ে যায়। একপর্যায়ে একটি ট্রলারকে প্রায় ১০ মিনিট ধাওয়া করে সেটির কাছাকাছি পৌঁছালে ট্রলারে থাকা জেলেরা বৈঠা ও লাঠিসোঁটা নিয়ে অভিযানকারী দলের ওপর হামলা চালান। এ সময় স্পিডবোটের চালক শাহজালালকে বৈঠা দিয়ে আঘাত করা হয়। তাকে রক্ষা করতে পুলিশ কনস্টেবল জসিম এগিয়ে গেলে তাকেও বৈঠা দিয়ে আঘাত করেন জেলেরা। এতে তার হাত কেটে রক্তাক্ত জখম হয়। অভিযানে অংশ নেওয়া মৎস্য বিভাগের সদস্য সুধাংশু বলেন, জেলেরা দ্রুতগতির ডাবল ইঞ্জিনচালিত ট্রলার নিয়ে পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। গলাচিপা উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ভিক্টর বাইন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বৃদ্ধাগৌরাঙ্গ নদীতে একটি ট্রলারে ১০ থেকে ১২ জন জেলে অবৈধভাবে ইলিশ শিকার করছিলেন। তাদের আটক করতে গেলে অভিযানে ব্যবহৃত স্পিডবোটে হামলার ঘটনা ঘটে। এতে একজন পুলিশ সদস্য আহত হয়েছেন। এ ঘটনায় এখন পর্যন্ত কাউকে গ্রেফতার বা শনাক্ত করা যায়নি বলেও জানান তিনি। গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইমতিয়াজ আহমেদ বলেন, এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

রাজাপুরে স্বেচ্ছাশ্রমে খালের

সংস্কারের প্রতিশ্রুতি দিলেওবাস্তবে কোনো উদ্যোগ নেওয়াহয়নি। সম্প্রতি বিষয়টি শ্রমিক কল্যাণ ফেডারেশনের নজরে এলে এলাকার মানুষের দুর্ভোগের কথা বিবেচনা করে তারা নিজস্ব অর্থায়নে কাঠের পুল নির্মাণের উদ্যোগ নেন। সংশ্লিষ্টদের হিসাবে, পুলটি প্রায় ছয় থেকে সাত বছর ব্যবহার করা যাবে। শ্রমিককল্যাণ ফেডারেশনের মঠবাড়িইউনিয়ন সেক্রেটারি শাহাদাৎবলেন, এলাকার মানুষের দুর্ভোগের কথা চিন্তা করেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। এর ফলে বদনিকাঠি সহ আশপাশের এলাকার মানুষের যাতায়াতের কষ্টকিছুটা হলেও লাঘব হবে। সামাজিক দায়বদ্ধতা থেকেই তারা এ কাজ করেছেন। স্থানীয় যুবক শাহাদাৎ বেপারী বলেন, দীর্ঘদিন ধরে পুলটি জরাজীর্ণ ছিল। এটি পার হতেগিয়ে অনেকেই দুর্ঘটনার শিকার হয়েছেন। পুলটি নির্মাণ করায় স্কুল-মাদ্রাসার শিক্ষার্থীসহ বিভিন্ন বয়সের মানুষের দুর্ভোগ কমবে। স্থানীয় বৃদ্ধ মোঃ আবুল কাশেম বলেন, দীর্ঘদিন ধরে খালের দুই পাড়ের মানুষ চরম দুর্ভোগের মধ্যে ছিলেন।পুলটি নির্মাণ হওয়ায় আমরা খুব খুশি। এখন এক পাড় থেকে অন্য পাড়ে যাতায়াতে আর আগের মতো অসুবিধায় পড়তে হবেনা। সমাজসেবক মোঃ জাকির হোসেন খান বলেন, সামাজিক দায়বদ্ধতা থেকেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। সমাজের প্রতিটি মানুষের এ ধরনের জনকল্যাণ মূলক কাজে এগিয়ে আসা উচিত। সব সময় সরকারের দিকে তাকিয়ে থাকলে হবেনা; নিজেদের সমস্যা সমাধানে নিজেদেরও উদ্যোগ নিতেহবে। তিনি বলেন, সব সময় সামাজিক কাজের সঙ্গে ছিলেন, ভবিষ্যতেও থাকবেন, ইনশাআল্লাহ।

রোটেশনেই চলছে লঞ্চ, ভোগান্তিতে

সব লঞ্চ চলাচল করে না। অভিযোগ রয়েছে, লঞ্চমালিকদের সিদ্ধান্ত অনুযায়ী প্রতিদিন এক থেকে দুটি লঞ্চ পরিচালিত হওয়ায় যাত্রীদের চাহিদার তুলনায় আসন ও কেবিনের সংকট দেখা দেয়। বিশেষ করে ছুটির দিন ও জরুরি প্রয়োজনে যাতায়াতের সময় এ ভোগান্তি আরও বাড়ে। যাত্রীদের অভিযোগ, কেবিন ও টিকিটের সংকটকে কেন্দ্র করে কিছু অসাধু কর্মচারী ও দালাল নির্ধারিত ভাড়ার চেয়ে বেশি টাকা দাবি করেন। অতিরিক্ত অর্থ দিতে রাজি না হলে কেবিন পাওয়া কঠিন হয়ে পড়ে। কোথাও কোথাও যাত্রীদের সঙ্গে অসদাচরণের অভিযোগও রয়েছে। যাত্রী মো. আলমাস বলেন, পূজার ছুটিতে ঢাকা থেকে চরফ্যাশনে আসার সময় একটি সিঙ্গেল কেবিনের জন্য ২ হাজার টাকা দিতে হয়েছে। কেবিন পেতে একজন ভিআইপি ব্যক্তিকে দিয়ে ফোন করাতে হয়েছে। সাধারণভাবে কেবিন পাওয়া কঠিন হয়ে পড়েছে। চরফ্যাশন চর মানিকা ইউনিয়নের বাসিন্দা চরফ্যাশন পৌরসভার ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. কামাল হোসেন মিয়া বলেন, এ এলাকা থেকে প্রতিদিন অনেক মুমূর্ষু রোগী উন্নত চিকিৎসার জন্য ঢাকায় যান। কিন্তু লঞ্চে কেবিন বা পর্যাপ্ত জায়গা না পাওয়ায় রোগী ও তাঁদের স্বজনদের দীর্ঘ সময় ঘাটে অপেক্ষা করতে হয়। অনেক ক্ষেত্রে বাধ্য হয়ে ডেকে গাদাগাদি করে যাতায়াত করতে হয়, যা অসুস্থ রোগীদের জন্য ঝুঁকিপূর্ণ। জুবায়ের হোসেন জানান, সামনে শীত মৌসুম। এ সময় চরফ্যাশনের কুকরি-মুকরি ও তারুয়া সমুদ্রসৈকত দেখতে হাজারো পর্যটকের সমাগম ঘটে। এ সময় লঞ্চমালিকেরা রোটেশন পদ্ধতিতে একটি বা দুটি লঞ্চ পরিচালনা করলে পর্যটকদের চরম ভোগান্তিতে পড়তে হবে। তাই এ অঞ্চলের পর্যটনশিল্পের বিকাশ ও যাত্রীদের নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করতে রোটেশন প্রথা বাতিল করে তিনটি লঞ্চ নিয়মিত চালুর দাবি জানান তিনি। তিনি আরও বলেন, রোটেশন প্রথা বন্ধ করতে হলে বিআইডব্লিউটিএকে লঞ্চমালিকদের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে হবে। অন্যথায় এ প্রথা বন্ধ করা সম্ভব হবে না। তবে এটিও সত্য, কোনো কোনো সময় এ নৌপথে যাত্রীর সংখ্যা অনেক কম থাকে। ভুক্তভোগীদের দাবি, রোটেশন প্রথার কারণে যাত্রীসেবার স্বাভাবিক পরিবেশ ব্যাহত হচ্ছে। জনস্বার্থের পরিবর্তে মালিকপক্ষের বাণিজ্যিক স্বার্থকে প্রাধান্য দেওয়ার কারণেই সাধারণ যাত্রীদের দুর্ভোগ পোহাতে হচ্ছে বলে অভিযোগ তাঁদের। ভোলার চরফ্যাশন বেতুয়া নদীবন্দরের সহকারী পরিচালক পুতুল চন্দ্র রায় জানান, চরফ্যাশন-ঢাকা নৌপথে তাসরিফ, কর্ণফুলী ও টিপু কোম্পানির লঞ্চ চলাচলের অনুমতি রয়েছে। তবে যাত্রীসংকটের অজুহাতে লঞ্চমালিকেরা রোটেশন পদ্ধতিতে প্রতিদিন দুটি, আবার কখনো একটি লঞ্চ পরিচালনা করছেন। এতে এ নৌপথে চলাচলকারী যাত্রীদের ভোগান্তিতে পড়তে হচ্ছে। তিনি আরও জানান, বিষয়টি বিআইডব্লিউটিএর ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। আশা করছি, কর্তৃপক্ষ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। তবে বড় কোনো উৎসবের সময় তিনটি লঞ্চই চলাচল করে।

উপসাগরীয় অঞ্চলে মার্কিন বাহিনীর

ব্যবহার করে ইরানকে হুমকি দেওয়ার সুযোগও যুক্তরাষ্ট্রকে দেওয়া হবে না। তার দাবি, যুক্তরাষ্ট্রের নৌ শক্তি নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে দেওয়া সাম্প্রতিক বক্তব্যেরও সমালোচনা করেন আবদুল্লাহি। তিনি বলেন, ইরানের পারমাণবিক স্থাপনা ধ্বংস হয়ে থাকলে দেশটিকে পারমাণবিক অস্ত্র তৈরি থেকে বিরত রাখার বিষয়ে যুক্তরাষ্ট্রের বক্তব্যের সঙ্গে তা মেলে না। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাওয়ার কথাও জানান তিনি। এদিকে ইরানের সম্ভাব্য হামলার আশঙ্কায় মধ্যপ্রাচ্যে নিরাপত্তা জোরদার করেছে যুক্তরাষ্ট্র। অঞ্চলটির কয়েকটি কূটনৈতিক মিশনে কর্মীর সংখ্যাও কমানো হয়েছে বলে জানিয়েছে সংবাদমাধ্যম অ্যাক্সিওস। সংবাদমাধ্যমটির প্রতিবেদনে বলা হয়, ২৩ অক্টোবর মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওকে পাঠানো এক স্মারকলিপিতে জাতীয় গোয়েন্দা পরিচালক জে ক্লেটন সংবেদনশীল গোয়েন্দা তথ্য আরও বেশি কর্মকর্তার সঙ্গে ভাগ করে নেওয়ার সুপারিশ করেন। তবে এতে সম্ভাব্য হামলার লক্ষ্যবস্তু বা পরিকল্পনার বিস্তারিত জানানো হয়নি। দ্য নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়েছে, ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরুর পর থেকে মধ্যপ্রাচ্যে মার্কিন নাগরিকদের জন্য নিরাপত্তা ঝুঁকি সবচেয়ে বেশি বলে মনে করছেন মার্কিন কর্মকর্তারা। যুক্তরাষ্ট্রের ভেতরে হামলা চালানোর সক্ষমতা ইরানের সীমিত বলে মনে করা হলেও, দেশটিতে ইরানি এজেন্ট থাকতে পারেন বলে গোয়েন্দা তথ্যে ইঙ্গিত পাওয়া গেছে। ইউরোপে থাকা মার্কিন নাগরিকরাও হামলার লক্ষ্য হতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে।

হুথি হামলার জেরে তেলের দাম

দাম। শুক্রবার যে দামে অপরিশোধিত তেল বিক্রি হয়েছে, তা গত ৬ মাসের মধ্যে সর্বোচ্চ। দাম বেড়েছে অপরিশোধিত জ্বালানি তেলের দুই ব্র্যান্ড ব্রেন্ট ক্রুড এবং ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট (ডব্লিউটিআই) উভয়েরই। এক প্রতিবেদনে ব্রিটিশ বার্তাসংস্থা রয়টার্স শুক্রবার প্রতি ব্যারেল ব্রেন্ট ক্রুড বিক্রি হয়েছে ১১৬ দশমিক ৭২ ডলারে। আগের দিন বৃহস্পতিবারের তুলনায় ব্যারেলপ্রতি ব্রেন্ট ক্রুডের দাম বেড়েছে ৩ দশমিক ৫৫ ডলার বা শতকরা হিসেবে ৩ দশমিক ১৪ শতাংশ। একই দিন ডব্লিউটিআইয়ের প্রতি ব্যারেল বিক্রি হয়েছে ১০৩ দশমিক ২৭ ডলারে। আগের দিন বৃহস্পতিবারের তুলনায় ব্যারেলপ্রতি ডব্লিউটিআইয়ের দাম বেড়েছে ৩ দশমিক ৮ ডলার বা শতকরা হিসেবে ৩ দশমিক ৮ শতাংশ। বাজার বিশ্লেষকদের বরাত দিয়ে রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, এর আগে সর্বশেষ অপরিশোধিত জ্বালানি তেলের এই মূল্যচিত্র দেখা গিয়েছিল গত ২৯ এপ্রিল। সে সময় যুক্তরাষ্ট্র এবং ইরানের মধ্যে সামরিক অভিযান ও পাল্টাপাল্টি আঘাত তুঙ্গে ছিল। বিশ্লেষকরা জানিয়েছেন, গত এক সপ্তাহে ব্রেন্ট ক্রুডের দাম বেড়েছে শতকরা ৬ শতাংশ; আর ডব্লিউটিআইয়ের দাম বেড়েছে ২ দশমিক ৩ শতাংশ। গত কয়েক সপ্তাহ ধরে সৌদি আরবকে লক্ষ্য করে হুথি বিদ্রোহীদের অব্যাহত হামলার ঘটনা আঞ্চলিক জ্বালানি অবকাঠামোর নিরাপত্তা এবং তেল সরবরাহের ওপর সম্ভাব্য প্রভাব নিয়ে উদ্বেগ বাড়িয়ে দিয়েছে। এছাড়া সংযুক্ত আরব আমিরাতে তেল ছড়িয়ে পড়ার ঘটনাটি বিশ্ব জ্বালানি বাজারের কেন্দ্রস্থল হিসেবে পরিচিত এই অঞ্চলে সরবরাহ ঝুঁকির আশঙ্কাকে আরও ঘনীভূত করেছে। এ মূল্যবৃদ্ধির জেরে শুক্রবার ওয়াল স্ট্রিটের জ্বালানি খাত ২.৫ শতাংশ বেড়ে রেকর্ড উচ্চতায় পৌঁছেছে, যদিও যুক্তরাষ্ট্রের প্রধান শেয়ার সূচকগুলো পতনের মধ্য দিয়ে দিন শেষ করেছে বলে জানিয়েছে রয়টার্স।

৫ মাসেও নাজমুল হত্যার

কন্যাসন্তানের দায়িত্ব নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানানো হয়। রিকশা, ব্যাটারিচালিত রিকশা-ভ্যান-ইজিবাইক সংগ্রাম পরিষদের ২৬ নম্বর ওয়ার্ড শাখার সভাপতি কবির খানের সভাপতিত্বে সমাবেশে সঞ্চালনা করেন সংগঠনটির বরিশাল জেলা শাখার সংগঠক রমজান আকন। এতে বক্তব্য দেন সংগ্রাম পরিষদের কেন্দ্রীয় কমিটির সদস্যসচিব ও বাসদ বরিশাল জেলা শাখার সমন্বয়ক কমরেড ডা. মনীষা চক্রবর্তী, সংগঠনের ২৬ নম্বর ওয়ার্ড শাখার সদস্য মো. জসীম উদ্দিন এবং গ্লোবাল ক্যাপসুল লিমিটেড শ্রমিক ইউনিয়নের প্রস্তাবিত কমিটির সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম শাহাদাত। নিহত নাজমুলের পরিবারের পক্ষ থেকে বক্তব্য দেন তার বাবা মো. রসিদ মোল্লা, মা সালমা বেগম ও স্ত্রী নিপা বেগম। এ সময় সংহতি জানিয়ে বক্তব্য দেন ২৬ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ফরিদ উদ্দিন। সমাবেশে বক্তারা বলেন, গত ১৩ জুন থেকে ইজিবাইক চালক নাজমুল নিখোঁজ ছিলেন। পরে ১৫ জুন কালিজিরা নদীর পাড়ে মুন্সিবাড়ির সামনে তার বস্তাবন্দি মরদেহ পাওয়া যায়। এ হত্যাকাণ্ডের ৫ মাস পার হলেও মামলার প্রধান আসামিরা গ্রেফতার না হওয়ায় নিহতের পরিবার ন্যায়বিচার পাওয়া নিয়ে উদ্বিগ্ন। বক্তারা আরও বলেন, একজন ইজিবাইক চালক হত্যার বিচার দীর্ঘায়িত হওয়া শুধু তার পরিবারের জন্য নয়, নগরীর সাধারণ শ্রমজীবী মানুষের নিরাপত্তার জন্যও উদ্বেগজনক। এ ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে দৃশ্যমান অগ্রগতি না থাকলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভূমিকা ও আন্তরিকতা নিয়েও জনমনে প্রশ্ন তৈরি হতে পারে। নিহতের পরিবারের সদস্যদের অভিযোগের কথা উল্লেখ করে বক্তারা বলেন, হত্যার সাথে জড়িত বলে অভিযুক্ত ব্যক্তিদের পরিবারের পক্ষ থেকে নাজমুলের স্বজনদের ওপর বিভিন্নভাবে চাপ সৃষ্টি করা হচ্ছে, যাতে তারা এলাকা ছেড়ে চলে যান। এমন পরিস্থিতিতে স্থানীয় বাসিন্দারা নাজমুলের পরিবারের পাশে দাঁড়িয়েছেন। তবে পরিবারের নিরাপত্তা নিশ্চিত করা এবং মামলার অগ্রগতি ত্বরান্বিত করতে প্রশাসনের কার্যকর পদক্ষেপ প্রয়োজন। বক্তারা বলেন, নাজমুলের মাত্র ৯ মাস বয়সী একটি কন্যাসন্তান রয়েছে। বাবাকে হারিয়ে শিশুটির ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখে পড়েছে। তাই হত্যাকাণ্ডের সুষ্ঠু তদন্ত ও দোষীদের শাস্তি নিশ্চিত করার পাশাপাশি শিশুটির ভরণপোষণ ও ভবিষ্যতের দায়িত্ব নিতে সরকারের প্রতি আহ্বান জানান তারা। সমাবেশ থেকে অবিলম্বে নাজমুল হত্যা মামলার প্রধান আসামিসহ জড়িত সবাইকে গ্রেফতার করে আইনের আওতায় আনা এবং দ্রুত বিচার নিশ্চিত করার দাবি জানানো হয়। পরে সমাবেশস্থল থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

২৮ অক্টোবর থেকে

সোমবার (২৬ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় চট্টগ্রাম বিভাগের দুই-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। একই সঙ্গে, সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী মঙ্গলবার (২৭ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। একই সঙ্গে, সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী বুধবার (২৮ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। একই সঙ্গে, সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। এ ছাড়া, আগামী পাঁচদিনে সারাদেশে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বাড়তে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

বরিশালে ফুলকুঁড়ি আসরের ৫২ তম

মুখরিত হয়ে ওঠে অনুষ্ঠানস্থল। আয়োজনের মধ্যে ছিল ‘শিশু পার্লামেন্ট’, চমৎকার মাইম (মূকাভিনয়), একক অভিনয়, গান এবং বিভিন্ন সাংস্কৃতিক পরিবেশনা। এর পাশাপাশি অনুষ্ঠানে অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে বরিশাল মহানগরী ফুলকুঁড়ি আসরের নিজস্ব ‘থিম সং’ (Theme Song)-এর শুভ উদ্বোধন করা হয়। অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল মেধা ও সৃজনশীলতার স্বীকৃতি। মেধা অন্বেষণমূলক প্রতিযোগিতা ‘মাইন্ড ম্যারাথন সিজন-০৩’ এবং ‘কুঁড়িদের স্বপ্নীল ক্যানভাস সিজন-০১’-এর আওতাধীন আবৃত্তি, অভিনয় ও চিত্রাঙ্কনসহ বিভিন্ন ক্যাটাগরিতে সফল কৃতি শিশুদের মাঝে মোট ১৬০টি পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন অতিথিবৃন্দ। অনুষ্ঠানে প্রধান অতিথি ও অন্যান্য অতিথিবৃন্দ তাদের বক্তব্যে শিশুকিশোরদের আগামী দিনের সুনাগরিক ও মানবিক গুণসম্পন্ন দেশপ্রেমিক হিসেবে গড়ে ওঠার জন্য বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ দেন। তারা বলেন, ফুলকুঁড়ি আসর দীর্ঘ ৫২ বছর ধরে শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশে যে নিরলস কাজ করে যাচ্ছে, তা সত্যিই প্রশংসনীয়। সবশেষে, সভাপতি সমাপনী বক্তব্যের মাধ্যমে সুন্দর ও সমৃদ্ধ সমাজ গঠনে ফুলকুঁড়ি আসরের এই অগ্রযাত্রাকে অব্যাহত রাখার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়। অনুষ্ঠানে বরিশাল নগরীর বিভিন্ন প্রান্ত থেকে আসা তিন শতাধিক শিশুকিশোর অংশগ্রহণ করেন।

চাঁদাবাজির বিরুদ্ধে ব্যবস্থা

খুলনার আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে তিনি বলেন, কিছু অপরাধী খুন হচ্ছে আবার কিছু অপরাধী খুন করছে। জনগণের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে যে আইন প্রয়োগ করতে গিয়ে কেউ বলছে বল প্রয়োগ করা হোক। বল প্রয়োগ করলে বলা হয় পুলিশ ফ্যাসিস্ট। বল প্রয়োগ না করলে বলা হয় পুলিশ দুর্বল। সুতরাং এগুলো আমরা দেখতে চাই না। আপনারা আমরা সবাই মিলে একটি কার্যকরী পুলিশ বাহিনীর মাধ্যমে সমাজের শান্তি প্রতিষ্ঠার জন্য, ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য, দুর্নীতিমুক্ত করার জন্য কাজ করতে হবে। দীর্ঘ ১৭ বছরে মাদককে একটা স্বীকৃতির মাধ্যমে সমাজে প্রতিষ্ঠা করা হয়েছে। সেটার বিরুদ্ধে বর্তমান সরকার জিরো টলারেন্স গ্রহণ করেছে। যাতে সমাজে কোনো মাদক না থাকে, কিশোর গ্যাং না থাকে, চাঁদাবাজি না থাকে এগুলো আমরা সবাই মিলে ঐক্যবদ্ধভাবে নির্মূল করব। সসাংবাদিকদের প্রশ্নের জবাবে আইজিপি বলেন, ৫ আগস্টের পরে সমাজের কী অবস্থা ছিল? পুলিশ ছিল না, সব জায়গায় সন্ত্রাসী কার্যক্রম। এখন সব জায়গায় পুলিশের কার্যক্রম পরিচালিত হচ্ছে। পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। দেশে বেকারত্ব বিভিন্ন সমস্যা, সকল সমস্যার তো একদিনে রাতারাতি পরিবর্তন হবে না। অবস্থা তো এখন উন্নতি হয়েছে। পুলিশকে সহযোগিতা করেন, পুলিশকে পরামর্শ দেন। আমরা মানবিক পুলিশ হতে চাই, জনবান্ধব পুলিশ হতে চাই। এটা করতে গেলে আবার অনেকে বলছে পুলিশকে ভয় পায় না। তাদের আইনের আওতায় আনা হলেও কিছুদিন পর আবারও একই কার্যক্রম করছে। আমরা পলিসি ডেভেলপমেন্ট

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ রবিবার ॥ ২৫ অক্টোবর ২০২৬ ॥ ০৯ কার্তিক ১৪৩৩

হুথি হামলার জেরে তেলের দাম গত ৬ মাসের মধ্যে সর্বোচ্চ

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরব লক্ষ্য করে ইয়েমেনভিত্তিক হুথি সশস্ত্র গোষ্ঠীর অব্যাহত হামলা, লোহিত সাগরের বাব আল-মান্দেব প্রণালিতে হুথিদের নিয়ন্ত্রণ এবং দীর্ঘদিন হরমুজ প্রণালিতে অবরোধ থাকায় বিশ্বজুড়ে বাড়ছে অপরিশোধিত জ্বালানি তেলের ৩ এর পাতায় দেখুন

উপসাগরীয় অঞ্চলে মার্কিন বাহিনীর ফেরার সুযোগ নেই: ইরান

কীর্তনখোলা ডেস্ক

উপসাগরীয় অঞ্চলে মার্কিন বাহিনীকে আর ফিরতে দেওয়া হবে না বলে হুঁশিয়ারি দিয়েছে ইরান। দেশটির সামরিক কর্মকর্তা মেজর জেনারেল আলী আবদুল্লাহি শনিবার (২৪ অক্টোবর) তেহরানে সাংবাদিকদের বলেন, আঞ্চলিক জলসীমা ৩ এর পাতায় দেখুন

বরিশালে ফুলকুঁড়ি আসরের ৫২ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে শিশু সমাবেশ

আজিজুল হাকিম সামি

জাতীয় শিশুকিশোর সংগঠন ফুলকুঁড়ি আসর-এর ৫২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বরিশালে বর্ণাঢ্য শিশু সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (২৩ অক্টোবর ২০২৬) বিকেল সাড়ে ৪টায় বরিশাল জেলা শিল্পকলা একাডেমিতে ফুলকুঁড়ি আসর বরিশাল মহানগরীর উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদের সম্মানিত কাউন্সিলর ও সহকারী প্রধান পরিচালক আশরাফুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শেরে বাংলা মেডিকেল কলেজের নাক-কান-গলা বিভাগের অবসরপ্রাপ্ত বিভাগীয় প্রধান ও ফুলকুঁড়ি আসর বরিশাল মহানগরীর উপদেষ্টা ডা. খান আবদুর রউফ। এছাড়াও অনুষ্ঠানে বিশেষ অতিথিবৃন্দ এবং সংগঠনের কেন্দ্রীয় ও স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠাবার্ষিকীর এই আয়োজনে শিশুকিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ৩ এর পাতায় দেখুন

নাজমুল হত্যার ৫ মাসেও গ্রেফতার হয়নি প্রধান আসামি, নগরীতে বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

ইজিবাইক চালক নাজমুল হত্যার ৫ মাস পেরিয়ে গেলেও মামলার প্রধান আসামিদের গ্রেফতার না করার অভিযোগ তুলে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছেন বরিশাল নগরীর ২৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা এবং রিকশা, ব্যাটারিচালিত রিকশা-ভ্যান-ইজিবাইক সংগ্রাম পরিষদের নেতাকর্মীরা। শনিবার (২৪ অক্টোবর) সকাল ১০টায় নগরীর অশ্বিনী কুমার হল চত্বরে এ কর্মসূচি পালিত হয়। সমাবেশ থেকে নাজমুল হত্যার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত এবং নিহতের ৯ মাস বয়সী ৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

২৮ অক্টোবর থেকে দেশজুড়ে বৃষ্টির তীব্রতা বাড়ার আভাস

কীর্তনখোলা ডেস্ক

পূর্ব-মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত লঘুচাপটি ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়েছে। এর প্রভাবে আগামী পাঁচ দিনের শেষের দিকে দেশজুড়ে বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা উল্লেখযোগ্যভাবে বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। শনিবার (২৪ অক্টোবর) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হকের দেওয়া পূর্বাভাসে এই তথ্য জানানো হয়। আগামীকাল সকাল ৯টার মধ্যে চট্টগ্রাম বিভাগের দুই-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ ছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। একই সঙ্গে, সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আজ রোববার (২৫ অক্টোবর) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। একই সঙ্গে, সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

রোটেশনেই চলছে লঞ্চ, ভোগান্তিতে চরফ্যাশন-ঢাকা রুটের যাত্রীরা

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার চরফ্যাশন উপজেলার বেতুয়া-ঢাকা নৌপথে লঞ্চ চলাচলের রোটেশন প্রথার কারণে ভোগান্তিতে পড়ছেন সাধারণ যাত্রীরা। পর্যাপ্ত লঞ্চ থাকা সত্ত্বেও প্রতিদিন সব লঞ্চ চলাচল না করায় কেবিন ও ডেকে জায়গা পাওয়া নিয়ে সংকট তৈরি হচ্ছে। এ সুযোগে নির্ধারিত ভাড়ার চেয়ে দ্বিগুণ থেকে তিন গুণ পর্যন্ত টাকা আদায়ের অভিযোগ উঠেছে। এমনকি কেবিন পেতে প্রভাবশালী ব্যক্তিদের মাধ্যমে ফোন করানোরও অভিযোগ করেছেন যাত্রীরা। স্থানীয় সূত্রে জানা গেছে, চরফ্যাশন থেকে রাজধানী ঢাকায় যাতায়াতের অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম বেতুয়া-ঢাকা নৌপথ। এ পথে একাধিক লঞ্চ চলাচলের ব্যবস্থা থাকলেও রোটেশন পদ্ধতির কারণে প্রতিদিন ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়া বাজারের সকল সিসি ক্যামেরা অচল, ব্যবসায়ীদের উদ্বেগ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

উপকূলীয় দক্ষিণ জনপদের পিরোজপুরের 'ভাণ্ডার নামে খ্যাত' ঐতিহ্যবাহী জনগুরুত্বপূর্ণ বাণিজ্যিক কেন্দ্র ভাণ্ডারিয়া বাজারের সকল সিসিটিভি (ক্লোজড সার্কিট) ক্যামেরা গুলি প্রায় দুইবছর যাবৎ অকেজো ও অচল রয়েছে। যার ফলে অপরাধীদের দৌরাত্মও তুলনামূলকভাবে বৃদ্ধি পেয়েছে। বাজারের তাফসির ময়দান, বড় মসজিজদ, ভূমি অফিস বাজার,বাসস্ট্যান্ড, কলেজ রোড, স্টীমারঘাট, ভুবনেশ্বর ব্রিজ, কালিবাড়ি রোড, পপুলার রোড, কাপুড়িয়াপট্টি, শের-ই-বাংলা সড়কসহ জনগুরুত্বপূর্ণ এলাকাগুলোত ডিজিটাল নজরদারি না থাকায় ব্যবসা প্রতিষ্ঠান, আবাসিক বাসাবাড়ির ইলেক্ট্রিক তার, আর্থিং তার, টিউবয়েলসহ বিভিন্ন মালামাল চুরি,ছিনতাইসহ বিভিন্ন ধরনের অপরাধ জনিত কর্মকান্ড বৃদ্ধি পেয়েছে বলে জানান ব্যবসায়ীরা। এতে ৩ এর পাতায় দেখুন

গাঁজাসহ বাবা-ছেলে গ্রেফতার পলাতক আরেক ছেলে

তালতলী প্রতিনিধি

বরগুনার তালতলীতে ৫০ গ্রাম গাঁজাসহ বাবা ও ছেলেকে আটক করেছে পুলিশ। এসময় পালিয়ে যায় অভিযুক্তের আরেক ছেলে। শুক্রবার (২৩ অক্টোবর) রাত ১১ টার দিকে উপজেলার শারিকখালী ইউনিয়নের নলবুনিয়া এলাকায় থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, শারিকখালী ইউনিয়নের নলবুনিয়া এলাকার মৃত চান মিয়া তালুকদারের ছেলে মো. হিমু তালুকদার (৫০) এবং তার ছেলে মো. সোহান তালুকদার (২৬)। এছাড়া পালিয়ে যাওয়া অভিযুক্ত ব্যক্তি হিমু তালুকদারের অপর ছেলে মো. সজল তালুকদার (৩০)। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ৩ এর পাতায় দেখুন

আন্ধারমানিক ইউনিয়নে ফ্রি মেডিকেল ক্যাম্প

হিজলা প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলার আন্ধারমানিক ইউনিয়নের ১নং আন্ধারমানিক ওয়ার্ডের বড় বাড়ি মাদ্রাসায় আলহাজ্ব মহিউদ্দিন মিজান এর উদ্যোগে ও রেমিডি মেডিকেল সার্ভিসেস এর ব্যবস্থাপনায় ফ্রি মেডিকেল ক্যাম্প ও বিনামূল্যে ঔষধ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৩ অক্টোবর) বিকেল ৩টা থেকে সন্ধ্যা পর্যন্ত আয়োজিত এ মেডিকেল ক্যাম্পে এলাকার অসহায়, দরিদ্র ও স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত মানুষের মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা ও প্রয়োজনীয় ঔষধ বিতরণ করা হয়। ক্যাম্পটির সার্বিক ব্যবস্থাপনায় ৩ এর পাতায় দেখুন

সোনার দাম বিশ্ববাজারে

কমলো ৩৪ হাজার টাকা, বাংলাদেশে সাড়ে ২৩ হাজার

কীর্তনখোলা ডেস্ক

বিশ্ববাজারে ব্যাপক দরপতনের মধ্যে পড়েছে সোনা। প্রায় দুই মাস ধরে টানা দাম কমছে। বিশ্ববাজারে ব্যাপক দরপতন হওয়ায় বাংলাদেশের বাজারেও সোনার দাম কমানো হয়েছে। তবে বিশ্ববাজারে যে হারে দরপতন হয়েছে বাংলাদেশের বাজারে সেই হারে দাম কমেনি। গত দুই মাসে দেশের বাজারে সব থেকে ভালো মানের সোনার দাম ভরিতে কমানো হয়েছে সাড়ে ২৩ হাজার টাকা। অন্যদিকে বিশ্ববাজারে এক ভরি সোনার দাম কমেছে ৩৪ হাজার টাকার ওপরে। বিশ্ববাজারে সোনা লেনদেন হয় আউন্স হিসাবে। এক আউন্স সোনায় ২৮ দশমিক ৩৫ গ্রাম হয়। ১১ দশমিক ৬৬৪ গ্রামে হয় এক ভরি। এ হিসাবে এক আউন্স সোনায় ২ দশমিক ৪৩ ভরি হয়।তথ্য পর্যালোচনায় দেখা যায়, গত ২৫ আগস্ট বিশ্ববাজারে এক আউন্স সোনার দাম ছিল ৪ হাজার ৬৫৮ ডলার। সেখান থেকে ধারাবাহিকভাবে কমে এখন তা ৩ হাজার ৯৯৪ ডলারে দাঁড়িয়েছে। অর্থাৎ প্রতি আউন্স সোনার দাম কমেছে ৬৬৪ ডলার। ৩ এর পাতায় দেখুন

চাঁদাবাজির বিরুদ্ধে ব্যবস্থা নিতে নতুন আইন হচ্ছে: আইজিপি

কীর্তনখোলা ডেস্ক

চাঁদাবাজির বিরুদ্ধে ব্যবস্থা নিতে নতুন আইন হচ্ছে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির। শনিবার (২৪ অক্টোবর) দুপুরে খুলনা মেট্রোপলিটন পুলিশ লাইন্সে কমিউনিটি পুলিশিং বিষয়ক সুধী সমাবেশ শেষে মিডিয়া ব্রিফিংয়ে তিনি এ কথা জানান। আইজিপি বলেন, পুলিশ ও জনগণের মধ্যে দূরত্ব সৃষ্টি হয়েছিল গত ১৭ বছরে পুলিশ বাহিনীর কার্যক্রমের মাধ্যমে। সেই জনআস্থা পুনরুদ্ধার করা এবং কার্যকরীভাবে কীভাবে পুলিশ শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করতে পারে সেই কার্যক্রম পরিচালনার জন্য আমার খুলনায় আসা। আলী হোসেন ফকির বলেন, যৌথ অভিযান চলছে মাদকের বিরুদ্ধে, কিশোর গ্যাং-এর বিরুদ্ধে, সন্ত্রাসীদের বিরুদ্ধে এবং চাঁদাবাজদের বিরুদ্ধে। পুলিশি কার্যক্রমকে আরও গতিশীল ও বেগবান করার জন্য আইনি কাঠামোর মধ্যে স্বরাষ্ট্র ও অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনে আইনি কাঠামো তৈরি করা হচ্ছে। পুলিশের একটি শাখা হিসেবে কমিউনিটি পুলিশিং এখন থেকে কার্যক্রম পরিচালনা করবে। ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে স্বেচ্ছাশ্রমে খালের ওপর কাঠের পুল নির্মাণ

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে দীর্ঘদিনের জনদুর্ভোগলাঘবে স্বেচ্ছাশ্রমে খালের ওপর কাঠের পুল নির্মাণ করেছে শ্রমিককল্যাণ ফেডারেশন। উপজেলার মঠবাড়ি ইউনিয়নের বদনিকাঠি এলাকায় বাড়ানি খালের ওপর প্রায় ৫০ হাজার টাকা ব্যয়ে পুলটি নির্মাণ করা হয়েছে। শনিবার (২৪ অক্টোবর) সকাল থেকে দিন ব্যাপী সংগঠনটির ৩০ জনযুবক স্বেচ্ছাশ্রমে এ কাজ করেন। সংগঠনটির নিজস্ব অর্থায়নে পুলটি নির্মাণ করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, বদনিকাঠি এলাকায় বাড়ানি খালের ওপর প্রায় ৫৫ ফুট দীর্ঘ একটি পুরোনো লোহার পুলছিল। দীর্ঘদিন ধরে জরাজীর্ণ অবস্থায় পড়ে থাকায় প্রায় দুই যুগধরে দুর্ভোগ পোহাচ্ছিলেন খালের দুই পাড়ের মানুষ। স্থানীয়দের অভিযোগ, নির্বাচন এলেই জনপ্রতিনিধিরা পুলটি ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে পুলিশের ওপর অবৈধ ইলিশ শিকারিদের হামলা

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় মা ইলিশ সংরক্ষণে অভিযান চালানোর সময় জেলেদের হামলায় এক পুলিশ কনস্টেবল ও অভিযানে ব্যবহৃত স্পিডবোটের চালক আহত হয়েছেন। শুক্রবার (২৩ অক্টোবর) রাতে বুড়াগৌরাঙ্গ নদীর কালিরচর এলাকায় এ ঘটনা ঘটে। আহতরা হলেন- গলাচিপা থানার পুলিশ কনস্টেবল মো. জসিম ও অভিযানে ব্যবহৃত স্পিডবোটের চালক মো. শাহজালাল। তাদের উদ্ধার করে গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেওয়া হয়েছে। পুলিশ কনস্টেবল জসিমের হাতে গুরুতর আঘাত লেগেছে বলে জানা গেছে। মৎস্য বিভাগ সূত্রে জানা গেছে, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে বুড়াগৌরাঙ্গ নদীতে অবৈধভাবে ইলিশ শিকার করা ৩ এর পাতায় দেখুন

চোখে মরিচের গুঁড়া ছিটিয়ে ৮ জনকে কুপিয়ে জখম

কীর্তনখোলা প্রতিনিধি

বরিশালের মুলাদীতে জমি দখলকে কেন্দ্র করে প্রতিপক্ষের চোখেমুখে মরিচের গুঁড়া ছিটিয়ে এলোপাতাড়ি কুপিয়ে ও পিটিয়ে আটজনকে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার সফিপুর ইউনিয়নের বোয়ালিয়া গ্রামের সোনামদ্দিন বন্দর এলাকায় এ ঘটনা ঘটে। আহত ব্যক্তিদের মধ্যে নারীও রয়েছেন। তাঁদের মধ্যে দুজনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। স্থানীয় বাসিন্দা ও ভুক্তভোগীদের সঙ্গে কথা বলে জানা যায়, সোনামদ্দিন বন্দরের একটি জমি নিয়ে বোয়ালিয়া গ্রামের সিরাজ হাওলাদারের ছেলে আলম হাওলাদার ও সাত্তার হাওলাদারের ছেলে

নলছিটিতে সাড়ে ৯শ পিস ইয়াবাসহ বিক্রেতা আটক

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া বকুলতলা এলাকায় পুলিশের বিশেষ অভিযানে ৯৫৩ পিস ইয়াবাসহ মোঃ রাজিব সিকদার (৩৮) নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। এ সময় তাঁর কাছে থাকা একটি মোটরসাইকেল ও একটি মোবাইল ফোনও জব্দ করেছে পুলিশ। শনিবার (২৪ অক্টোবর) দুপুর আনুমানিক ২টার দিকে নলছিটি থানার অফিসার ইনচার্জ (ওসি) তৌহিদুজ্জামান সোহাগের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে এসআই রুম্মান ও এএসআই জসিমসহ থানা পুলিশের একটি দল অংশ নেয়। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে

দুপর ১:৩০ মিনিটের সময় উপজেলার দপদপিয়া ইউনিয়নের ২ নং ওয়ার্ডের বকুলতলা এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় মাদক ব্যবসায়ী রাজিব সিকদারকে তার নিজ বাড়ি থেকে আটক করা হয়। পরে তল্লাশি চালিয়ে তার হেফাজতে থাকা ৯৫৩ পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ সময় তাঁর ব্যবহৃত ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com